

প্রাথমিক সমাপনী
পরীক্ষার প্রশ্নপত্র
ফাঁস!

যাযদি রিপোর্ট

বুধবার থেকে শুরু হওয়া প্রাথমিক সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। প্রথমদিনের গণিত পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে ফাঁস হওয়া প্রশ্নপত্রের হবহ মিল পাওয়া গেছে বলে প্রশ্ন পাওয়া শিক্ষার্থীরা দাবি করেছে। জরুরি বাংলা পরীক্ষার প্রশ্নও ফাঁস হয়েছে বলে যাযযায়দিনের কাছে অভিযোগ এসেছে।

বুধবার সন্ধ্যায় ঢাকা কলেজ এলাকা থেকে শতভাগ নিষ্কয়তা দিয়ে আজ অনুষ্ঠিত বাংলা পরীক্ষার হাতে লেখা প্রশ্ন বিতরণ করা হয়েছে। ওই প্রশ্নপত্রে রচনা এসেছে ৪টি। এর মধ্যে রয়েছে-বাধীনতা, ভিত্তমীর, বিদায়হুকু ও গাছ লাগান পরিবেশ বাচান। কবিতা এসেছে দুটি- আশাচ এবং শিক্ষণতরু। মূলভার লিখতে বলা হয়েছে সতরু অথবা সবার আমি ছাত্র কবিতার। ব্যাখ্যা এসেছে জোনাকি কবিতা থেকে 'নিজেকে জেলে.....'। বড় প্রশ্ন এসেছে মূল বইয়ের ২৮ নাম্বার পৃষ্ঠার ছ, ৩৭ পৃষ্ঠার ঘ, ৭৯ পৃষ্ঠার জ, ৯০ পৃষ্ঠার ক এবং ৯৪ পৃষ্ঠার ঠ নাম্বার। ছোট প্রশ্ন এসেছে ৩৪ পৃষ্ঠার ছ, ৫৩ পৃষ্ঠার ঘ, ৭৪ পৃষ্ঠার খ, ১০২ পৃষ্ঠার ঘ, এবং ১০৭ পৃষ্ঠার চ, নাম্বার।

অভিযোগ পাওয়া গেছে, ঢাকা কলেজের ফাঁস পৃষ্ঠা ১৫ কলাম ৩

ফাঁস : প্রশ্নপত্র

(শেষ পৃষ্ঠার পর)

কতলীগ নেতারা হাতে লেখা এই প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত। তারাই প্রতিদিন পরীক্ষার আগের রাতে এই প্রশ্ন ফাঁস করার পরিকল্পনা হাতে নিয়েছে। বহু টাকার বিনিময়ে সারাদেশে এই প্রশ্ন ছড়িয়ে দেয়া হচ্ছে। প্রসঙ্গত, সারাদেশে একযোগে শুরু হওয়া এই সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করছে প্রায় ৩০ লাখ শিক্ষার্থী।